তারিখ ......
পৃষ্ঠা ...... কলাম ......

## শিক্ষক কর্মচারীদের বেতন পরিশোধ না করায় অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা

পার্বতীপুর (দিনাজপুর) সংবাদদাতা ।। দীর্ঘ ৩০ মাস ধরিয়া বেসরকারী বেতন না পাওয়ায় পার্বতীপুর আদর্শ ডিগ্রি কলেজের শিক্ষক কর্মচারীরা কলেজের অধ্যক্ষ মোঃ ওয়াজেদ আলীর বিরুদ্ধে আন্দোলন শুরু করিলে কলেজ গভর্নিং কমিটি তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে। গত রবিবার অধ্যক্ষের কক্ষে তালা লাগানোর কথা থাকিলেও গভর্নিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৪ই জানুয়ারী অধ্যক্ষকে ৫৬ জন শিক্ষক ও কর্মচারীদের বেসরকারী মূল বেতনের ২০ ভাগ অর্থাৎ মোট ১৬ লক্ষ টাকা পরিশোধ করিবার চূড়ান্ত সুযোগ দেওয়া হয়। অধ্যক্ষ সাহেব বেতন পরিশোধ করিতে ব্যর্থ হইলে তাহাকে পরবর্তীতে চাকুরীচ্যুত করা হইবে। তবে এই কয়েকদিন অর্থাৎ ১৪ই জানুয়ারী পর্যন্ত অধ্যক্ষ কলেজে যোগদান করিতে পারিবে না।

উল্লেখ্য, কলেজের শিক্ষক কর্মচারীরা ইতিপূর্বে অধ্যক্ষের বিরুদ্ধে পূর্ণদিবস কর্মবিরতি, প্রতীক অনশন ও চূড়ান্ত আলটিমেটাম দিয়াও অধ্যক্ষ সাহেব দাবীর প্রতি আন্তরিক না হওয়ায় গভর্নিং কমিটি এই সিদ্ধান্ত গ্রহণ করে। এদিকে আন্দোলনের ফলে কলেজে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হইতেছে।